

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
নির্বাধী প্রকৌশলীর কার্যালয়  
জেলা চট্টগ্রাম।  
[www.lged.chittagong.gov.bd](http://www.lged.chittagong.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : ৪৬.০২.১৫০০.০০০.১৯.০০৪.১৭- ১০৬৪,

তারিখ : ১৮/০৬/২০২৩ ইং

বিষয় : ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে (৪র্থ কোয়ার্টার) আয়োজিত সভার কার্যবিবরণী

সভার স্থান : এলজিইডি, চট্টগ্রামের সভাকক্ষ।  
সভার তারিখ : ১৮/০৬/২০২৩ ইং।  
সময় : ১১.০০ ঘটিকা।  
সভাপতি : জনাব মোহাম্মদ হাসান আলী, নির্বাধী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।  
সভার উপস্থিতি : তালিকা সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি মহোদয় দাপ্তরিক কাজে সুশাসন প্রতিষ্ঠার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, সুশাসন বলতে অংশগ্রহণমূলক, স্বচ্ছ ও জবাবদিহিতা সম্পন্ন শাসন ব্যবস্থাকে বুঝায়। সভাপতি মহোদয় বলেন, সুশাসন চারটি প্রধান স্তরের উপর নির্ভরশীল। চারটি স্তর হলঃ দায়িত্বশীলতা, স্বচ্ছতা, আইনি কাঠামো ও অংশগ্রহণ। তিনি সোনার বাংলা গড়তে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অত্র দপ্তরের অধীনে প্রতিটি সরকারী দপ্তর হতে প্রদানকৃত সকল সেবা সঠিকভাবে এবং দায়িত্বশীলতার সাথে প্রদানের উপর জোর দেন। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় উপজেলা প্রকৌশলীদের মতামত তুলে ধরার জন্য অনুরোধ জানান।

উপজেলা প্রকৌশলী, সাতকানিয়া, জনাব পারভেজ সারোয়ার হোসেন জানান, তাঁর দপ্তর হতে প্রাপ্ত সকল সেবা দ্রুততার সাথে প্রদানের চেষ্টা করা হয়। চলমান বিভিন্ন কাজে উদ্ভূত সমস্যা দ্রুততম সময়ে সমাধানে তিনি সচেষ্ট থাকবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন।


উপজেলা প্রকৌশলী, পটিয়া, জনাব কমল কান্তি পাল জানান, সুশাসন প্রতিষ্ঠায় পটিয়ায় অংশীজনের সভা আয়োজন করা হয়ে থাকে। সকল স্টেকহোল্ডারকে সেবা প্রদানের ক্ষেত্রে দিনরাত সর্বোচ্চ চেষ্টা করা হয়। টেন্ডার প্রক্রিয়া দ্রুততার সহিত বাস্তবায়নে আরো মনোযোগী হওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

উপজেলা প্রকৌশলী, হাটহাজারী জনাব জয়শ্রী দে জানান, কাজের গুণগত মান রক্ষায় তার দপ্তর সর্বদা সচেষ্ট। এছাড়া যেকোনো সমস্যায় তার দপ্তর হতে ত্বরিত সহযোগিতা প্রদানের চেষ্টা করা হয়।

উপজেলা প্রকৌশলী, রাঙ্গুনিয়া, জনাব মোঃ দিদারুল আলম জানান, এলজিইডি রাঙ্গুনিয়া সকল অংশীজনের সাথে সমন্বয় করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কাজ করে যাচ্ছে।

সভাপতি মহোদয় সমাপনী বক্তব্যে জানান, এলজিইডি প্রান্তিক পর্যায়ে সারাদেশে সুনামের সাথে কাজ করে যাচ্ছে। ২০৪১ সালের

স্মার্ট বাংলাদেশ গঠনের জন্য মাঠ পর্যায়ে সকলকে অংশগ্রহণ ও কার্যকরী ভূমিকা পালন করতে হবে বলে তিনি মনে করেন। মাননীয় সাংসদ হতে শুরু করে স্থানীয় সরকারের জনপ্রতিনিধি পর্যন্ত সকল পর্যায়ে সমন্বয় সাধন করে এলজিইডি কাজ করে। তিনি যথাসময়ে বিল প্রদান, সময় বর্ধন করা, চুক্তি সম্পাদন করার জন্য ঠিকাদার এবং উপজেলা প্রকৌশলীদের প্রতি আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ ও সালাম জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোহাম্মদ হাসান আলী)  
নির্বাহী প্রকৌশলী  
এলজিইডি, চট্টগ্রাম।  
ফোন নং-০৩১-৬৫১৪০২


Email: [xen.chattogram@lged.gov.bd](mailto:xen.chattogram@lged.gov.bd)

স্মারক নং- ৪৬.০২.১৫০০.০০০.১৯.০০৪.১৭-৩০৬৪/১ (২২)

তারিখ : ১৮/০৬/২০২৩ ইং

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।
- ৬। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।
- ৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ ....., জেলা : চট্টগ্রাম।
- ৮। সহকারী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম।

  
(মোহাম্মদ হাসান আলী)  
নির্বাহী প্রকৌশলী  
এলজিইডি, চট্টগ্রাম।  
ফোন নং-০৩১-৬৫১৪০২

Email: [xen.chattogram@lged.gov.bd](mailto:xen.chattogram@lged.gov.bd)